Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।


★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৬ ইংরাজী 10th June, 1959 { ৪র্থ সংখ্যা




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servi

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৬শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৬ সাল।

# মাতালের স্বাধিকার জ্ঞান

কলকাতায় এক মাতালের গল্প প্রচলিত আছে। মাতালের মুখ দিয়ে গল্প বলা হয়েছে, কিন্তু ইহাতে আমাদের শিক্ষণীয় ঢের আছে। এক মাতাল মত্তাবস্থায় বড়বাজার দিয়ে পদব্রজে চলেছে। একটি ছুঁচো তার দুপায়ের মাঝ দিয়ে চিক চিক শব্দ ক'রে চলে গেল। এক সিঁড়ির নীচে নর্দ্দমার মধ্যে ছুঁচোটি আশ্রয় নিয়েছে। মাতাল একখানি বাখারী সংগ্রহ ক'রে লাগলো তাকে খোঁচাতে। ছুঁচো তার খোঁচা সহ্য করতে না পেরে যেই বাহির হয়েছে, মাতাল তাকে বাখারীর এক ঘা মারলো। ঘা খুব জোরে লাগেনি। সে দৌড়াতে লাগলো। মাতাল তার পেছুন পেছুন ছুটতে লাগলো। যেখানে ছুঁচো আশ্রয় নেই মাতাল বাখারী প্রয়োগে তাকে ব্যস্ত করে তোলে। অবশেষে বাখারীর এক প্রবল আঘাত সইতে না পেরে তার গন্ধমূষিক লীলা সম্বরণ করতে বাধ্য হলো। স্বাধিকার প্রমত্ত বীর তখন ছুঁচোর লেজ ধরে ঝুলাতে ঝুলাতে রাস্তা চলে আর বলে—বাবা গন্ধমূষিক ছুচন্দর! যাও! আমার দু'পায়ের মধ্যে দিয়ে পথ কর। এক ব্যক্তি মাতালের এই ব্যাপার দেখে হেসে বলে উঠলো যুদ্ধে জয়ী হয়ে বিজয় উল্লাস দেখাচ্ছ? মাতাল তখন বলে উঠলো—আমি মাতাল না তুমি মাতাল! আজ আমার দুপায়ের মধ্যে দিয়ে ছুঁচো গেল। কাল একটা ছাগল যাবে। তারপর দিন একটা গরু যাবে! তারপর দিন এক ঘোড়া যাক। তারপর আমার দুপায়ের মধ্য দিয়ে ট্রাম কোম্পানি লাইন পেতে ট্রাম চালাতে লাগুক আর দুই পা ফাঁক করে দাঁড়িয়ে থাকি। তুমি মাতালেরও অধম নিজের দখল রাখতে পার না! লজ্জা করে না! নিজের দখলী স্থান যদি রক্ষা করা না যায় তবে তার ভবিষ্যৎ অন্ধকার। একজন রাজনীতিজ্ঞ মাতালের নাম ঠিকানা লিখে নিয়ে বল্লে—ভাই তোমাকে আমি রাজ দরবারে পরিচয় ক'রে দিব। তুমি মাতাল নও। তোমার আইন সভায় যাওয়া উচিত। আইন একবার লংঘন যদি কেউ করে তবে তাই প্রথা হয়ে পড়ে।

একজন সাধারণ নির্ব্বাচনে পরাজিত হলো তার খাতির ক'রে তাকে সভ্য ক'রে নওয়া কর্ত্তৃপক্ষের অসভ্যতা ও অসত্যতা। আইন লঙ্ঘন অপরাধ। নির্ব্বাচনে লোক যাকে চায় না তাকে খাদ্যমন্ত্রী করতেই হবে এ কোন্ রাজনীতি! মাতাল এর চেয়ে জ্ঞানী। সাধারণ নির্ব্বাচনে সাধারণে যাকে ভোট দিলে না সেই অযোগ্য ব্যক্তিকে যে দায়িত্ব-পূর্ণ কাজে মন্ত্রী করে সে নির্ব্বাচনে অর্ব্বাচীন। এই সব কর্ত্তারা কর্ত্তা না হয়ে কুত্তা হওয়ার উপযুক্ত নয়। কারণ কুত্তা অজানা লোককে প্রভুর ঘরে প্রবেশ করতে দেখলে How! How বলে বাধা দেয়। প্রভুকে চেতন করে। এই রকম কুত্তারা কর্ত্তাদের চেয়ে অযোগ্য নয়। মাতালের স্বাধিকার জানা আছে এদের নাই।

---

## চেয়ারম্যান নির্ব্বাচন

বহরমপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান শ্রীসত্যানন্দ গুপ্ত মহাশয় সভ্যপদ ও চেয়ারম্যান পদ ত্যাগ করায় বিগত ২৫শে মে নির্ব্বাচন কার্য্য অনুষ্ঠিত হইয়াছে। অন্যতম সভ্য শ্রীশ্রীপদ ভট্টাচার্য্য মহাশয় তাঁহার প্রতিদ্বন্দ্বী শ্রীগোলকনাথ রায় মহাশয়কে ১৯-৭ ভোটে পরাজিত করিয়া চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

---

## দীর্ঘজীবীর মৃত্যু

বিগত ২রা জুন আসাম নওগাঁর প্রবীণতম ব্যক্তি শ্রীকনকচন্দ্র দেব অধিকারী গোস্বামী ১১৫ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। তাঁহার স্বাস্থ্য, দৃষ্টিশক্তি ও দাঁত মৃত্যুকাল পর্য্যন্ত স্বাভাবিক ছিল। কিছুদিন পূর্ব্বেও তিনি ৮ মাইল পথ হাঁটিয়া গিয়াছেন। সামান্য রোগে তাঁহার মৃত্যু হয়।

---

## মুর্শিদাবাদ — জঙ্গিপুর মহকুমার বিশ্বনাথপুরে খাল খনন

গঙ্গা হইতে জলধারা ভাগীরথী নদীতে প্রবাহিত করার উদ্দেশ্যে পশ্চিম বঙ্গ সরকার বিশ্বনাথপুরে ৪০০ গজ দীর্ঘ খাল খনন কার্য্য আরম্ভ করিয়াছেন। প্রতিদিন সহস্রাধিক শ্রমিক উক্ত কাজ করিতেছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। দুই সপ্তাহ মধ্যে কাজ সম্পূর্ণ করার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে।

নুরপুর গ্রামের নিকট ভাগীরথী গঙ্গার শাখারূপে নির্গত হইয়াছে এবং গঙ্গা ভাগীরথীর এই মোহনাতেই সম্প্রতি পলি জমিয়া ও চর উঠিয়া গঙ্গা হইতে ভাগীরথীতে পর্য্যাপ্ত জল প্রবাহে প্রতিবন্ধকতা সৃষ্টি করিয়াছে। নুরপুর হইতে প্রায় ১২ মাইল দূরে বিশ্বনাথপুরে দুই নদী প্রবাহের মধ্যে ব্যবধান সবচেয়ে কম—প্রায় ৪০০ গজ। এই স্থানেই খাল কাটিয়া গঙ্গা ও ভাগীরথীকে যুক্ত করা হইবে। ভাগীরথী ক্রমশঃ শীর্ণকায়া হইতে থাকায় কলিকাতার বন্দর আজ বিপদের সম্মুখীন। এই খাল কাটিলেই যে ভাগীরথীর জলের সমস্যা ও তৎসহ কলিকাতা বন্দরের সমস্যা দূর হইবে তাহা নহে। গত কয়েক বৎসর যাবৎ ভাগীরথী গঙ্গা হইতে যেটুকু জল পাইতেছে, এই খাল না কাটিলে সেই উৎসটুকুও বন্ধ হইয়া যাইবে। কাজেই কলিকাতা বন্দরের আশু সঙ্কট দূর করাই খাল খননের উদ্দেশ্য বলিয়া প্রতীয়মান হয়। কেন্দ্রীয় বিদ্যুৎ ও সেচ মন্ত্রণালয়ের একজন চীফ ইঞ্জিনীয়ার ও সেচ বিভাগের একজন স্পেশাল অফিসার যুক্তভাবে খাল কাটার স্থান পরিদর্শন করেন। এবং উহা খননের সুপারিশ করিয়াছেন।

---

## দ্রব্যাদির মূল্য বৃদ্ধি

খাদ্যের মূল্য সাধারণ মানুষের নাগালের বাহিরে যাওয়ায় দেশব্যাপী আর এক দুশ্চিন্তা দেখা দিয়াছে। আয় বাড়ে না, অথচ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দর চড়িয়া যায়, মানুষ তাল রাখিবে কি করিয়া? সর্ব্বোচ্চ মূল্যমান বাঁধিয়া দেওয়ার পরও যদি খোলা বাজারে পাওয়া না যায়, তবে কি দেশবাসী নিজেদের নিতান্ত অসহায় মনে করিবে না?

## আগাগোড়া দুর্নীতি

পাকিস্থানের এক নামজাদা চোরাই চালানকারী ধরা পড়িয়াছে, নাম কাসিম ভাট্টি। বিচারকালে সে তাহার চোরাকারবারে গভর্ণর জেনারেল গোলাম আহাম্মদ, প্রেসিডেণ্ট ইস্কান্দার মীর্জ্জা, প্রধান মন্ত্রী ফিরোজ খাঁ নুন প্রভৃতি কি ভাবে পৃষ্ঠপোষকতা করিয়াছেন, তাহার লিখিত বিবৃতি প্রদান করে। রাষ্ট্রের উপরিতলা হইতে দুর্নীতির স্রোত প্রবাহিত হইতে থাকিলে, শেষ পর্য্যন্ত সামরিক শাসনই যে চরমপন্থা হইয়া দাঁড়ায়, পাকিস্থানে তাহাই সংঘটিত হইয়াছে। সামরিক-শাসন যতই নিন্দনীয় হউক, চোরাকারবারীরা যে অনেক টিট হইয়াছে, তাহাতে অনুমাত্র সন্দেহ নাই।

## পুলিস হাজতে হেড মাষ্টার

বি-এ (অনার্স) বলিয়া পরিচয় দিয়া জনৈক ম্যাট্রিক পাশ ব্যক্তি তিন বৎসর ধরিয়া একটি হাই স্কুলে প্রধান শিক্ষকের কাজ করার পর এখন হাজত বাস করিতেছে। সন্তোষপুর হাই স্কুলের পরিচালক কমিটী তাহাদের প্রধান শিক্ষকের প্রকৃত পরিচয় অবগত হইয়া পুলিসে সংবাদ দেন। পুলিস তাঁহাকে গ্রেপ্তার করিয়া হাজতে রাখিয়াছে। পুলিসের তদন্তে প্রকাশ, উক্ত শিক্ষক গত জানুয়ারী মাসে নিজেকে বি-এ (অনার্স) বলিয়া একজন গ্রাজুয়েট মহিলাকে বিবাহ করে।

## ট্যাক্সি চালকের সততা

বিগত ১লা জুন বৈদ্যবাটীর শ্রীপরিতোষ চট্টোপাধ্যায় নামক একজন ভদ্রলোক কলিকাতা মেডিক্যাল কলেজ হইতে এক রোগিনীকে লইয়া ট্যাক্সি যোগে গৃহাভিমুখে রওনা হন। ট্যাক্সির মালপত্র রাখার স্থানে মূল্যবান জিনিসপূর্ণ একটী চামড়ার স্যুটকেশ, পোষাক-পরিচ্ছদ ও দামী ঔষধপত্র রাখেন। বাড়ী পৌছিয়া যাত্রীরা নামিয়া ট্যাক্সি ভাড়া মিটাইয়া দেন। জিনিসগুলি নামাইয়া লইতে ভুল হয়। বৈকালে কলিকাতা গিয়া ট্যাক্সির কোন সন্ধান না পাইয়া হতাশ হইয়া ফিরিয়া আসেন। পরদিন উক্ত গাড়ীর চালক ৮নং আনন্দ খাঁ রো, কলিকাতার বাসিন্দা শ্রীচণ্ডীচরণ ভট্টাচার্য্য জিনিসগুলি সঙ্গে লইয়া বৈদ্যবাটীতে যান এবং মালিককে ফিরাইয়া দেন। গৃহস্বামী মূল্যবান জিনিসগুলি পাইয়া শ্রীভট্টাচার্য্যকে পুরস্কৃত করিতে চাহিলে তিনি সবিনয়ে প্রত্যাখ্যান করেন। ভগবান সৎপ্রবৃত্তির জন্য তাঁহার মঙ্গল করুন। মোটর চালকগণকে ভট্টাচার্য্য মহাশয়ের কর্ম্মপদ্ধতি অনুকরণ করিতে আহ্বান জানাইতেছি।

## চাউল পাচার

বেহালার সরকারী চাউলের গুদাম হইতে সহস্রাধিক মণ চাউল চোরা বাজারে পাচার হইয়া গিয়াছে সংবাদ পাইয়া এনফোর্সমেণ্ট ও দুর্নীতি দমন বিভাগের পুলিশ গত ৩রা জুন বুধবার বেহালার উক্ত সরকারী চাউলের গুদামে হানা দেন। তদন্তের পর তাঁহারা দেখেন যে, ৫১০ বস্তা অর্থাৎ ১০২০ মণ চাউল কম। উক্ত গুদামের যাবতীয় খাতাপত্র পুলিশ আটক করিয়াছে। জানা গিয়াছে যে, শুক্রবার বেহালা থানায় সাতজন অফিসারের বিরুদ্ধে অভিযোগ লিপিবদ্ধ করা হয় এবং সঙ্গে সঙ্গে গ্রেপ্তারী পরোয়ানা পাঠান হয়। সম্ভবতঃ নিজ নিজ গৃহ হইতেই উহাদিগকে ইতিমধ্যে গ্রেপ্তার করা হইয়াছে। ইহাদের মধ্যে একজন ইনস্পেক্টর ও ছয়জন সাব-ইনস্পেক্টর—ইহারাই উক্ত গুদাম রক্ষণাবেক্ষণ করিতেন।

## সরকারী বিজ্ঞপ্তি

১নং হেষ্টিংস ষ্ট্রীট (দশম তলা) কলিকাতা—১এ অবস্থিত পশ্চিম বঙ্গের শিল্প-অধিকর্তা জানাইয়াছেন যে, জেলাগুলির প্রয়োজন ঠিক করিবার জন্য পশ্চিম বঙ্গের সকল ক্ষুদ্রাকার শিল্প সংস্থাগুলির নিকট হইতে উহাদের কাঁচামালের মোট বাৎসরিক প্রয়োজনের (নিয়ন্ত্রিত ও স্বল্প লভ্য দ্রব্য উভয় প্রকারের জন্য) জন্য দরখাস্ত আহ্বান করা হইতেছে। এই সকল প্রয়োজনের বিস্তারিত তথ্য স্থানীয় জেলা শিল্প আধিকারিকের নিকট ১৫ই জুলাই (১৯৫৯) এর মধ্যে পেশ করিতে হইবে।

## নিলামে পিস্তল বিক্রয়

বহরমপুরস্থ মুর্শিদাবাদের জেলা শাসকের পক্ষে ভার-প্রাপ্ত ম্যাজিষ্ট্রেট, আগ্নেয়-অস্ত্র বিভাগ, বহরমপুর মুর্শিদাবাদ জানাইতেছেন যে, আগামী ১লা জুলাই ১৯৫৯ তারিখে বেলা ১০ ঘটিকার সময় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত একটী ৩২ বোরের পিস্তল প্রকাশ্য নিলামে বহরমপুর সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের কোর্টে বিক্রয় করা হইবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১০ই জুলাই ১৯৫৯

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩০ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং হরিহর ঘোষাল দাবি ১৫ টাকা ৭১ নং পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১-৪৭ শতকের কাত ৯/০ পাই আঃ ২৫৲ খং ২২

৩২ খাং ডিঃ ঐ দেং গঙ্গাধর মাল দাবি ১২ টাঃ ৪৯ নং পঃ থানা ঐ মৌজে মণ্ডলপুর ৭ শতকের কাত ১৲ আঃ ৫০৲ খং ৭১২

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২০শে জুলাই ১৯৫৯

১৯৫৮ সালের ডিক্রীজারী

৯৬ খাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দেং রাজেন ঘোষ দিং দাবি ৩০ টাকা ৫০ নং পঃ থানা ফরক্কা মৌজে পরাণপাড়া ২৫ শতকের কাত ৪৷/৫ আঃ ১০৲ খং ৩৬৪

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।